



কর্মক্ষেত্রে আচরণবিধি

প্রস্তাবনা

FLA কর্মক্ষেত্রে আচরণবিধি শ্রমিকদের মান নির্ধারণ করে, যেটার লক্ষ্য হল কাজের উপযুক্ত ও মানবিক কাজের অবস্থা অর্জন করা। এই আচরণবিধির মান, আন্তর্জাতিক শ্রমিক সংগঠনের মান ও আন্তর্জাতিকভাবে গ্রহণযোগ্য যথাযথ শ্রমিক-নীতির ভিত্তিতে নির্ধারিত হয়।

শ্রমিকরা যে দেশে কর্মক্ষেত্রে নিয়োজিত, সেই দেশের সমস্ত প্রাসঙ্গিক ও প্রযোজ্য আইন ও প্রবিধানগুলিকে FLA এর সঙ্গে যুক্ত কোম্পানিগুলিকে মেনে চলতে হয় এবং কর্মক্ষেত্রে আচরণবিধিকে তাদের ক্ষেত্রে প্রযোজ্য সুবিধায় বাস্তবায়ন করতে হয়। যখন মান নিয়ে কোন মতপার্থক্য ও দ্বন্দ্ব উদ্ভূত হয়, তখন সংশ্লিষ্ট কোম্পানিগুলির কাছে সর্বোত্তম মান প্রয়োগ করার জন্য আশা রাখা হয়।

FLA মনিটরগুলি কর্মক্ষেত্রে আচরণবিধির বেঞ্চমার্কসমূহ এবং মনিটরিং-এর নীতিগুলির আনুসঙ্গিকতা যত্নসহকারে পরীক্ষা করে আনুগত্যে সম্মত হয়। যখন মনিটরিং এর নীতিগুলি সম্মতির মূল্যায়নকে নিয়ন্ত্রিত করে, তখন সম্মতি বেঞ্চমার্কগুলি প্রতিটি আচরণবিধির মানের নির্দিষ্ট প্রয়োজনীয়তাকে সনাক্ত করে। যখন কোডের মান যথাযথ থাকে না, তখন FLA, সংশ্লিষ্ট কোম্পানিগুলিকে উল্লত করতে এবং মজবুত প্রক্রিয়া বিকশিত করে নিরন্তর সম্মতিকে সুনিশ্চিত করতে প্রত্যাশা করে।

FLA একটা সহযোগিতাপূর্ণ, দ্ব্যমিত্তপূর্ণ ও স্বচ্ছ নমুনা প্রদান করে এবং কর্মক্ষেত্রে অবস্থার সদর্খক পরিবর্তন করতে অনুঘটক হিসাবে কাজ করে। একটি সংগঠন হিসাবে এটা ক্রমাগত উন্নয়নকে স্বরাশ্রিত করে, FLA শ্রমিকদের শ্রদ্ধাশীল ও নৈতিক ব্যবহারের সর্বোত্তম অনুশীলন প্রতিষ্ঠা করতে বিশ্বব্যাপী পথপ্রদর্শক হওয়ার জন্য সংগ্রাম করে এবং মজবুত প্রক্রিয়াকে স্বরাশ্রিত করে, যার দ্বারা শ্রমিকরা সুরক্ষিত ও স্বাস্থ্যকর কর্মক্ষেত্রে ন্যায্য মজুরি উপার্জন করতে পারে।

কোডের উপাদান	বিবরণ
নিয়োগবিষয়ক সম্পর্ক	নিয়োগকর্তাগণ সেইসমস্ত নিয়ম ও ব্যবস্থাগুলি গ্রহণ করবেন ও মেনে চলবেন, যেগুলি জাতীয় এবং আন্তর্জাতিক শ্রমিক ও সামাজিক নিরাপত্তার আইন ও প্রবিধান অনুযায়ী শ্রমিকদের সম্মান এবং তাদের অধিকারের সুরক্ষা প্রদান করবে।
বেষম্যহীনতা	কর্মক্ষেত্রে কোন ব্যক্তির লিঙ্গ, জাতি, ধর্ম, বয়স, অক্ষমতা, লিঙ্গভেদ, জাতীয়তা, রাজনৈতিক মতামত, সামাজিক গোষ্ঠী বা জাতিগত উৎসের এর ভিত্তিতে নিয়োগ, ক্ষতিপূরণ, উন্নতি, শৃঙ্খলা, সমাপ্তি অথবা অবসরের সময়ে বেষম্যের শিকার হবেন না।
হয়রানি বা অপব্যবহার	প্রত্যেক শ্রমিক সম্মান ও মর্যাদা পাবেন। কোন শ্রমিক কোনরকম শারীরিক, মৌলিক, মানসিক অথবা মৌখিক হয়রানি বা নির্যাতনের শিকার হবেন না।
জোরপূর্বক শ্রম আদায়	এর মধ্যে বন্দী শ্রমিক, চুক্তিভিত্তিক শ্রমিক, শর্তনিযুক্ত শ্রমিকদের ওপর জোরপূর্বক শ্রম আদায় করা যাবে না, অথবা অন্য কোন ধরনের জোরপূর্বক শ্রম আদায় করা যাবে না।
শিশুশ্রম	বাধ্যতামূলক শিক্ষা সমাপ্তির জন্য অথবা 15 বছরের নিচে, যেটা বেশি হবে, তার নীচে কোন ব্যক্তিকে কাজে যুক্ত করা যাবে না।
সমষ্টিগত পদক্ষেপ ও সংগঠনের স্বাধীনতা	নিয়োগকর্তাগণ শ্রমিকদের সম্মতি করার স্বাধীনতা এবং সম্মিলিত দরকষাকষির অধিকারকে স্বীকৃতি দেবেন ও সম্মান করবেন।
স্বাস্থ্য, সুরক্ষা ও পরিবেশ	নিয়োগকর্তাগণ তাদের সুবিধার্থে কোন কাজের ফলস্বরূপ অথবা কাজের সঙ্গে সংযুক্ত কোন স্বাস্থ্য উদ্ভূত দুর্ঘটনা ও আঘাত প্রতিরোধ করতে, একটি সুরক্ষিত এবং স্বাস্থ্যকর কার্ডক্ষেত্রে পরিবেশ প্রদান করবেন। কর্মক্ষেত্রে দ্বারা পরিবেশের উপর যে নেতিবাচক প্রভাব পড়ে, তা প্রশমিত করার জন্য নিয়োগকর্তাগণ উপযুক্ত ব্যবস্থাসমূহ গ্রহণ করবেন।
কত ঘন্টা কাজ করতে হয়	শ্রমিকরা যে দেশে কাজে নিযুক্ত সেই দেশের আইন অনুযায়ী, নিয়োগকর্তার তাদের নিয়মিত অথবা অতিরিক্ত ঘন্টার বেশি কাজ করানোর প্রয়োজন নেই। সপ্তাহিক কাজ 48 ঘন্টার বেশি হবে না। নিয়োগকর্তা প্রতি সাত দিনের সময়ের মধ্যে শ্রমিকদের কমপক্ষে টানা 24 ঘন্টা বিশ্রামের অনুমতি দেবেন। সমস্ত অতিরিক্তসময় কাজ সম্মতিসূচক হবে। নিয়োগকর্তা প্রতিনিয়ত অতিরিক্ত সময়ে কাজের অনুরোধ করবেন না এবং প্রিমিয়াম হারে সমস্ত অতিরিক্ত সময়ে কাজের ক্ষতিপূরণ প্রদান করবেন। ব্যতিক্রমী পরিস্থিতি ছাড়া, নিয়মিত ও অতিরিক্তসময়ের ঘন্টার যোগফল সপ্তাহে 60 ঘন্টার বেশি হবে না।
ক্ষতিপূরণ	প্রত্যেক শ্রমিকের নিয়মিত কর্ম সপ্তাহের ক্ষতিপূরণের অধিকার আছে যা শ্রমিকের মৌলিক চাহিদা এবং বিবেচনামূলক আম প্রদান করতে যথেষ্ট হবে। নিয়োগকর্তাকে অন্তত ন্যূনতম মজুরি বা উপযুক্ত প্রচলিত মজুরি, এর মধ্যে যেটা বেশী, সেটা দিতে হবে। বেতনসংক্রান্ত বিষয়ে সব আইনি প্রয়োজনীয়তাকে মেনে চলতে হবে এবং আইন বা চুক্তি দ্বারা প্রযোজ্য কোন বিশেষ সুবিধা প্রদান করতে হবে। যেখানে শ্রমিকের মৌলিক চাহিদা এবং বিবেচনামূলক আমের ক্ষতিপূরণ পূরণ হয়না, সেখানে প্রতিটি নিয়োগকর্তা যথাযথ ব্যবস্থা নিতে FLA সঙ্গে কাজ করবেন যা কার্যক্রমে ক্ষতিপূরণের স্বর কি হবে তা ঠিক করবেন।